

তারিখ : 04/07/2016

শ্রী এন.এস. বিশ্বনাথন আর বি আই ডেপুটী গভর্নরের দায়িত্ব নিলেন



শ্রী এন.এস. বিশ্বনাথন আজ ভারতীয় রিজার্ভ ব্যাংকের ডেপুটী গভর্নর হিসাবে দায়িত্ব নিলেন। ভারত সরকার জুন 29, 2016 তারিখে পরবর্তী নির্দেশের আগে পর্যন্ত তাকে ভারতীয় রিজার্ভ ব্যাংকের ডেপুটী গভর্নর পদে নিযুক্ত করল, তাঁর ওই দায়িত্ব নেওয়ার পর অথবা জুলাই 4, 2016 তারিখের পর থেকে চার বছর সময়কালের জন্য, যেটি আগে ঘটবে তার ভিত্তিতে।

ডেপুটী গভর্নর পদে উন্নীত হওয়ার আগে শ্রী বিশ্বনাথন ভারতীয় রিজার্ভ ব্যাংকের কার্যনির্বাহী নির্দেশক ছিলেন।

ডেপুটী গভর্নর হিসাবে তিনি ব্যাংকিং নিয়ন্ত্রণ বিভাগ (DBR), সমবায় ব্যাংক নিয়ন্ত্রণ বিভাগ (DCBR), নন-ব্যাংকিং নিয়ন্ত্রণ বিভাগ (DNBR), আমানত বীমা এবং আস্থা নিশ্চায়ক নিগম (DICGC), অর্থনৈতিক স্থায়ীত্ব অনুভাগ (FSU), নিরীক্ষা বিভাগ (ইন্সপেকশন ডিপার্টমেন্ট), ঝুঁকি নিয়ন্ত্রণ বিভাগ (RMD) এবং সচিব বিভাগ (সেক্রেটারি'স ডিপার্টমেন্ট)-গুলির কার্যবিধি দেখাশোনা করবেন।

শ্রী বিশ্বনাথন, একজন বিশিষ্ট কেন্দ্রীয় ব্যাংক প্রশাসক, 1981 সালে ভারতীয় রিজার্ভ ব্যাংকে যোগদান করেন। সমস্ত বিভাগে তিনি পারদর্শিতার পরিচয় দিয়েছেন তার মধ্যে অন্তর্ভুক্ত আছে ব্যাংক, নন-ব্যাংকিং অর্থনৈতিক সংস্থা এবং সমবায় ব্যাংকগুলির নিয়ন্ত্রণ এবং পর্যবেক্ষণ, মুদ্রা পরিচালনা, বিদেশী মুদ্রা বিনিময় এবং মানব সম্পদ পরিচালনা। তিনি তিন বছরের জন্য মরিশাসের কেন্দ্রীয় ব্যাংক, ব্যাংক অফ মরিশাস-এর নির্দেশকের কাজে তত্ত্বাবধান সহায়তায় যুক্ত ছিলেন। তিনি রিজার্ভ ব্যাংকের চেম্বাই আঞ্চলিক কার্যালয়ের প্রধানের দায়িত্বও পালন করেছেন।

শ্রী বিশ্বনাথন বিভিন্ন সময়ে তিনটি সরকারী ব্যাংকের পরিষদে রিজার্ভ ব্যাংক মনোনীত নির্দেশক ছিলেন। তিনি ভারতীয় ইন্ডাস্ট্রিয়াল ফিন্যান্স নিগমের মুখ্য ডিজিটেলস আধিকারিক এবং অভ্যন্তরীণ নিরীক্ষার প্রধান ছিলেন। তিনি বিভিন্ন সমিতি, কার্যনির্বাহী গোষ্ঠী এবং বিশেষ উদ্দেশ্যে নিয়োজিত দলের সঙ্গে সংযুক্ত ছিলেন। বিভিন্ন আন্তর্জাতিক সমিতিতে তিনি রিজার্ভ ব্যাংকের প্রতিনিধিত্ব করেছেন। এর মধ্যে আছে - পলিসি ডেভেলপমেন্ট গ্রুপ, বিআইএস, বিএসইএল-এর সদস্য, ম্যাক্রো প্রফডেলপিয়াল পলিসি গ্রুপ বিআইএস বিইএসএএল এর সদস্য, এবং ইন্টারন্যাশনাল ক্রেডিট ইউনিয়ন রেগুলেটরস নেটওয়ার্ক-এর কার্যনির্বাহী সমিতির সদস্য। শ্রী বিশ্বনাথন 1958 সালের জুন 27 তারিখে জন্মগ্রহণ করেন, তিনি ব্যাঙ্গালোর বিশ্ববিদ্যালয় থেকে অর্থনীতিতে স্নাতকোত্তর ডিগ্রী অর্জন করেছেন।

আল্লনা কিল্লাওয়াল

মুখ্য উপদেষ্টা (প্রিন্সিপাল অ্যাডভাইসার)

প্রেস প্রকাশনী: 2016-2017/23